

প্রথম আলো

তারিখ... 31 DEC 2012  
পৃষ্ঠা... ৪... কলাম... ৫

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
পদোন্নতি নীতিমালার দাবিতে  
কর্মচারীদের বিক্ষোভ

গাজীপুর প্রতিনিধি •

পদোন্নতি নীতিমালার দাবিতে গাজীপুরে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কর্মচারীরা কর্মবিরতি অবস্থান ধর্মঘট ও বিক্ষোভ করেছেন। দাবি পূরণ না হলে লাগাতার কর্মশূন্য দেওয়া হবে বলে ঘোষণা দিয়েছেন কর্মচারী সমিতির নেতারা। গতকাল সকালে কর্মচারীরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয়ের সামনে জড়ো হন। তারা সেখানে অবস্থান ধর্মঘট করে বিক্ষোভ করেন।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কর্মচারী সমিতির সভাপতি তারিকুল ইসলাম বলেন, ২০ বছরেও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে পদোন্নতি নীতিমালা না থাকার কারণে দক্ষতা থাকা সত্ত্বেও কোনো কর্মকর্তা-কর্মচারী পদোন্নতি পাচ্ছেন না। কর্মচারীরা অজিযোগ করেন, বর্তমানে অনেক অদক্ষ ব্যক্তিকে বিশ্ববিদ্যালয়ে নিয়োগ দেওয়া হচ্ছে। ১৫ বছর ধরে চাকরি করা অনেক জ্যেষ্ঠ কর্মচারীকে নতুন নিয়োগ পাওয়া ব্যক্তির অধীনে কাজ করতে হচ্ছে। তারা অবিলম্বে পদোন্নতি নীতিমালা প্রণয়নের দাবি জানান। এ ব্যাপারে বক্তব্য জানতে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অসম্মত কর্মচারীদের মুঠোফোনে যোগাযোগ করা হলেও তিনি ফোন ধরেননি।